গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারিরীক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.০১.০০০৪.২৬.১১৯ তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়: মাঠ উন্নয়নের লক্ষ্যে প্রতিটি জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক- ৫৭.২৫.০০০০.০০১.১৬.০০১.২৬.৩৪৩/ক তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২০২৬
২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'আগস্ট ২০২৬' মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, তারিখ: ২৩ আগস্ট ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার শিক্ষার্থীদের খেলাধুলার উপযোগী পরিবেশ সৃষ্টি এবং শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে প্রতিটি জেলায় একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার খেলার মাঠ উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে দেশের প্রতিটি জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। এরই ধারাবাহিকতায় সূত্রোস্থ ১ নং স্মারকে দেশের সকল জেলা প্রশাসককে তার জেলার ১টি করে খেলার মাঠযুক্ত এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা প্রেরণ করার জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু আপনার জেলা থেকে কোনো তালিকা অদ্যাবধি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়নি।

০২। বর্ণিত বিষয়ের আলোকে, আপনার জেলায় অবস্থিত খেলাধুলার উপযোগী মাঠ রয়েছে বা মাঠ প্রস্তুত/উন্নয়ন করা সম্ভব-এমন ০১ (এক)টি উপযুক্ত এমপিওভুক্ত মাদ্রাসার তথ্য আগামী ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে daf@dme.gov.bd **অথবা** ap-2@dme.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরি।

১০-১১-২০২৬
মোঃ আবুল কালাম তালুকদার
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর
ফোন : +০২-৪১০৩০১৯২
ইমেইল : dtd@dme.gov.bd

জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.০১.০০০৪.২৬.১১৯/১ (৫) তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।
২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।
৩। জেলা শিক্ষা অফিসার (সকল) ..... (জেলা প্রশাসক মহোদয়ের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৫। সংরক্ষণ নথি/অফিস কপি।।

১১-১১-২০২৬
মোঃ চাঁদ মিয়া
উপপরিচালক (প্রশিক্ষণ)মাদরাসা শিক্ষা অধিদপ্তর